

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(সিটি কর্পোরেশন-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ চৈত্র ১৪২৩/২ এপ্রিল ২০১৭

নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০১৯.১৫-১৯৮—যেহেতু, জনাব মোহাম্মদ মোসাদ্দেক হোসেন, পিতাঃ মৃত ডাঃ আব্দুর রশিদ, ৭৪/৩, উপশহর, হাউজিং এস্টেট, পোঃ সপুরা, থানাঃ বোয়ালিয়া, জেলাঃ রাজশাহী, মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন এর বিরুদ্ধে মহানগর বিশেষ ট্রাইব্যুনাল-১, রাজশাহী এর মামলা নং-১৩৬/১৫ (রাজশাহী জেলার বোয়ালিয়া থানার মামলা নং-১৭, তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০১৫/এম.জি.আর-১০৩/১৫, বোয়ালিয়া মডেল থানা)-এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হইয়াছে এবং

২। যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১)-এ সিটি কর্পোরেশনের মেয়র এর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইলে, সরকার কর্তৃক লিখিত আদেশের মাধ্যমে তাঁহাকে সাময়িকভাবে বরখাস্তকরণের বিধান রহিয়াছে।

৩। সেহেতু, রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোহাম্মদ মোসাদ্দেক হোসেন-কে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হইল।

৪। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ আনোয়ার পাশা

উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ৩৪১৫ )

মূল্য : টাকা ৪.০০